31

আজকের কাগজ

তারিখ 23 NOV 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

# শিক্ষক নিয়ে জটিলতা ॥ নেত্রকোনার ভূগী জাওয়ানী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কক্ষে তালা ॥ ছাত্রছাত্রীদের বিক্ষোভ মিছিল

**আবু জাফর তালুকদার :** নেত্রকোনা জেলার পূর্বধলা থানার ভূগী জাওয়ানী উচ্চ বিদ্যালয়ের জনৈক শিক্ষক ম্যানেজিং কমিটি কর্তৃক বরখাস্ত করার প্রতিবাদে ছাত্ররা বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কক্ষে তালা ঝুলিয়েছে এবং বরখাস্তকৃত শিক্ষককে পুনর্বহালের দাবিতে জেলা প্রশাসক বরাবরে স্মারকলিপি প্রদান করেছে। জানা গেছে, সম্প্রতি উক্ত বিদ্যালয়ের সহকারী শিক্ষক ওয়ালী উল্লাহ খানের বিরুদ্ধে কিছু অভিযোগ উত্থাপিত হয়। উক্ত অভিযোগের ভিত্তিতে ম্যানেজিং কমিটির গত ২৬/৯/৯৪ইং তারিখের ১১নং সভার ২নং আলোচ্যসূচির সিদ্ধান্ত অনুযায়ী কেন বরখাস্ত করা হবে না এই মর্মে ২৯/৯/৯৪ইং তারিখে একটি কারণ দর্শাও নোটিশ প্রদান করা হয় এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্যে তিন সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটির সভাপতি ১ নভেম্বর বেলা ৩টায় তদন্ত কমিটির সভায় উপস্থিত হয়ে আত্মপক্ষ সমর্থনের জন্যে উক্ত শিক্ষককে গত ২৯/১০/৯৪ইং তারিখে একটি নোটিশ প্রদান করেন। কিন্তু উক্ত সভার নির্ধারিত তারিখে ও সময়ে শিক্ষক ওয়ালী উল্যাহ খান উপস্থিত থাকলেও রহস্যজনক কারণে তদন্ত কমিটির লোকজন অনুপস্থিত ছিলেন। এরপর তাকে পুনরায় আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে গত ১৩ নভেম্বর ম্যানেজিং কমিটির সভায় আকস্মিকভাবে তাকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ১০ সদস্যবিশিষ্ট কমিটির ৩ জন সদস্য এ সিদ্ধান্তের প্রতিবাদ করেন বলে জানা গেছে। এ সিদ্ধান্তের প্রতিবাদে ১৪ নভেম্বর ছাত্র-ছাত্রীদের একটি বিরাট অংশ বিক্ষোভে ফেটে পড়ে ও প্রধান শিক্ষকের কক্ষে তালা ঝুলিয়ে দেয়, মিছিলসহ এলাকা প্রদক্ষিণ করে। এরপর গত ১৬ নভেম্বর মিছিল সহকারে জেলা সদরে এসে জেলা প্রশাসক বরাবরে উক্ত বরখাস্ত আদেশ বাতিল করে উদ্ভূত পরিস্থিতি নিরসনের দাবিতে স্মারকলিপি প্রদান করে।



*পূর্বধলা থানার ভূগী জাওয়ানী উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ওয়ালী উল্লাহ খানকে বরখাস্ত করার প্রতিবাদে ছাত্রছাত্রীরা গত ১৬ নভেম্বর মিছিল সহকারে জেলা প্রশাসকের বরাবরে স্মারকলিপি পেশ করে*